

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নাগেশ্বরী থানা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৫০৪

তারিখ : ২৭ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা আইন- শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ০৫ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।


আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....
.....
নাগেশ্বরী, কুড়িগ্রাম।


(মোঃ রওশন কবীর)
সদস্য সচিব

উপজেলা আইন- শৃঙ্খলা বিষয়ক কমিটি
ও
অফিসার ইনচার্জ নাগেশ্বরী থানা,
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-নাঃ থাঃ/নাগ/কুড়ি/২০২১/ ৫০৪(৬)

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

স্বাক্ষর






(মোঃ রওশন কবীর)
সদস্য সচিব

উপজেলা আইন- শৃঙ্খলা বিষয়ক কমিটি
ও
অফিসার ইনচার্জ নাগেশ্বরী থানা,
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নাগেশ্বরী থানা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।
তারিখ : ০৫ আগস্ট ২০২১ খ্রিঃ, সময় : বিকাল ০৩.০০ টা
স্থান : নাগেশ্বরী থানা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সভাপতি	 ০৫-০৮-২১	
২	মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী কুড়িগ্রাম	সদস্য		
৩	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম	সদস্য	 ০৫-০৮-২১	
৪	উপজেলা কৃষি কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম	সদস্য		
৫	অফিসার ইনচার্জ, নাগেশ্বরী থানা, নাগেশ্বরী কুড়িগ্রাম	সদস্য সচিব	 ০৫-০৮-২১	

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত :-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে অফিসার ইনচার্জ, নাগেশ্বরী থানা গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে অফিসার ইনচার্জ, নাগেশ্বরী থানা জানান যে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। বর্তমানে শহরের গুরুত্বপূর্ণ স্থানগুলোতে পুলিশি টহল বৃদ্ধি করা হয়েছে। চিহ্নিত অপরাধী ও মাদক কারবাবীদের নজদারিতে রাখা হয়েছে। জনসাধারণ যাতে কোন প্রকার অপরাধে জরিত না হন সে বিষয়ে সচেতনতা মূলক প্রচার-প্রচারণা পরিচালিত করা হচ্ছে। যে কোন অস্বাভাবিক পরিস্থিতি মোকাবেলায় পুলিশ প্রশাসন সর্বদা প্রস্তুত রয়েছে। এছাড়া গ্রাম পর্যায়ে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য অত্র উপজেলার ইউনিয়ন গুলোতে নিয়মিত পুলিশি টহল দেয়া হয়ে থাকে।

৩নং বিষয়ে আলোচনা শুরু হলে অফিসার ইনচার্জ, জানান যে, বর্তমানে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। অপরাধ দমনে ব্যাপক সচেতনতামূলক প্রচার প্রচারণার আয়োজন করা হয়ে থাকে। যাতে জনসাধারণ সচেতন হতে পারে এবং কোন অপরাধমূলক কর্মকাণ্ডে জরিয়ে না পারে।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে মেয়র, নাগেশ্বরী পৌরসভা জানান যে, মাদক সেবন, চুরি, ডাকাতি, ছিনতাইসহ অন্যান্য অপরাধ কিছুটা কমে গেছে এজন্য আইনশৃঙ্খলা বাহিনীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। যাতে কোন প্রকার অনাকাঙ্ক্ষিত ঘটনা না ঘটে সর্বোচ্চ সজাগ থাকার পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রুকনুজ্জামান)

ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।